

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮.২.২. প্রত্যেক 'বীজোৎপাদক ওষধি'-ই কি ভক্ষণযোগ্য?

বাইবেল বলছে যে, পৃথিবীর 'প্রত্যেক' 'বীজোৎপাদক ওষধি' এবং সকল 'সবীজ ফলদায়ী বৃক্ষ (every herb bearing seed, and every tree, in the which is the fruit of a tree yielding seed) মানুষের খাদ্য বা খাওয়ার উপযোগী: "দুনিয়ার উপরে প্রত্যেকটি শস্য ও শাক-সবজী যার নিজের বীজ আছে এবং প্রত্যেকটি গাছ যার ফলের মধ্যে তার বীজ রয়েছে সেগুলো আমি তোমাদের দিলাম। এগুলোই তোমাদের খাবার হবে।" (আদিপুস্তক/ পয়দায়েশ ১/২৯)।

বাস্তবে এ কথা সঠিক নয়। এগুলোর মধ্যে প্রচুর বিষাক্ত ওষধি বা শাক-সবজি ও বীজওয়ালা ফল রয়েছে, যেমন হেমলক (hemlock), বাকআই পড (buckeye pod), নাইটশেড (nightshade), করবী বা ওলেনডার (oleander) ইত্যাদি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14489

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন